**ব্যাংকের সাধারণ গ্রাহককে আর.টি.জি.এস.-এর চূড়ান্ত সুবিধাগ্রহণকারী করুন :**
**ব্যাংকগুলিকে ভারতীয় রিজার্ভ ব্যাংককে আর্জি করছে**

**২১শে জুলাই, ২০০৩**

শ্রী ভিপা কামেসম, ডেপুটি গভর্নর, ভারতের রিজার্ভ ব্যাংক, আজ ব্যাংকগুলির কাছে আর্জি করেছেন রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট (আর.টি.জি.এস.)-এর সুবিধা যাতে সাধারণ গ্রাহক অবধি পৌঁছায় তার জন্য ব্যাংকগুলিকে সম্পূর্ণ সুসংহত ব্যবস্থা ও মানবিক সংস্থান সচেতনতা, এবং তাদের যোগযোগ ও সুরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করতে। তিনি আরও বলেন যে প্রত্যেকটি কেন্দ্রীয় ব্যাংকের লক্ষ্য হওয়া উচিত একজন সাধারণ মানুষ যাতে সর্বাধিক ফলপ্রদভাবে ও কম খরচে তাঁর ইচ্ছানুযায়ী ব্যক্তিকে অর্থ প্রদান করতে পারেন তার জন্য একটি আধুনিক, শক্তিশালী, নিরাপদ ও সর্বসম্পূর্ণ অর্থপ্রদান ও নিষ্পত্তি পদ্ধতির প্রবর্তন করা। আজ ভারতের রিজার্ভ ব্যাংকের একটি মিটিং-এ শ্রী কামেসম ব্যাংকগুলির চীফ এক্সিকিউটিভদের ভাষণ দিচ্ছিলেন। মিটিংটি ডাকা হয়েছিল ব্যাংকগুলি আর.টি.জি.এস. কার্যে পরিণত করতে কতখানি প্রস্তুত তার মূল্যায়ন করার জন্য।

আর.টি.জি.এস. পদ্ধতি অক্টোবর ২০০৩ মাসের শেষে পাওয়া ঠিক হয়েছে, যার পর সেটা স্থাপন করা, পরীক্ষা করা ও একসাথে ব্যবহারের শুরু হবে বছর শেষ হবার আগেই। আর.টি.জি.এস. পদ্ধতি রিয়েল টাইম অন-লাইন মোড-এ বেশী অঙ্কের অর্থের ব্যাংক পেমেন্ট ও সেটেলমেন্ট-এর প্রতিটি লেনদেন এন্টার করা সহজতর করবে। এটি সুসংহত কার্যকারীতা বৃদ্ধি করবে ও বিদ্যমান সেটেলমেন্ট-এর ঝুঁকি হ্রাস করবে।

আর.টি.জি.এস. পদ্ধতি প্রবর্তনের কিছু পূর্ব-প্রয়োজনীয়তা আছে। সেগুলি হল, সমস্ত প্রতিষ্ঠানগুলির যোগযোগ নেটওয়ার্ক প্রাপ্তিসাধ্য হওয়া, আর.টি.জি.এস. ব্যবস্থা সহ সুসংহতভাবে গুরুত্বপূর্ণ অর্থপ্রদান ব্যবস্থার প্রবর্তনের জন্য নির্ভরযোগ্য, স্থিতিস্থাপক ও অত্যন্ত আধুনিক ধরণের কম্প্যুটার, ইলেকট্রনিক ভিত্তির উপর অর্থপ্রদান ও নিষ্পত্তির সুযোগ, ব্যাংকগুলির মধ্যে ব্যবহারের জন্য মেসেজ ফরম্যাট প্রমিত করা, আন্তর্জাতিক মানের নিরাপত্তা ব্যবস্থার সুযোগ সহ সুদৃঢ় মেসেজিং ব্যবস্থা, প্রতিটি অংশগ্রহণকারী আর.টি.জি.এস.-র সঠিক বিজনেস প্রসেস রি-ইঞ্জিনিয়ারিং এবং এডভান্সড লিকুইডিটি ম্যানেজমেন্ট-এর সুযোগ প্রাপ্তি। এটা লক্ষ্য করা গেছে যে এই পূর্ব-প্রয়োজনীয়তাগুলির বেশীভাগই অর্জন করা হয়ে গেছে।

এই ব্যাপারে ব্যাংকাররা আলোচনা করেন, দিনের বেলা এস.এল.আর. সিকিউরিটি কোল্যাটেরাল হিসাবে ব্যবহার করে একটি দ্বিতীয় লিকুইডিটি এডজাস্টমেন্ট অকশনের প্রয়োজনীয়তার, বিনা নোটিশে গ্রাহকের একাউন্ট থেকে বৃহৎ ক্রেডিট ট্রান্সফার-এর সম্ভাবনা, এবং ব্যাংকগুলির দ্বারা আরও ভাল ক্যাশ ম্যানেজমেন্ট। এই পরিপ্রেক্ষিতে ডেপুটি গভর্নর এও দৃষ্টিগোচর করেন যে আর.টি.জি.এস.-এর প্রবর্তন গ্রাহকদের ইন্ট্রা ডে লিকুইডিটি ম্যানেজমেন্ট থেকে উদ্বৃত্ত নতুন ধরণের উত্পাদক প্রদানের সুযোগ করে দেবে। ওনার মতে অন্য একটি সম্ভাবনা হচ্ছে গ্রাহকদের পারিশ্রমিক ভিত্তিক আর.টি.জি.এস. পরিষেবা প্রদান, যা সম্ভবতঃ ব্যাংকগুলিকে কিছু অতিরিক্ত অর্থ উপার্জনের সুযোগ সৃষ্টি করে দেবে। কিন্তু তিনি ব্যাংকগুলিকে সতর্ক করে দেন এই বলে যে আর.টি.জি.এস.-এর প্রবর্তন তাদের ফ্লোট ফান্ড প্রাপ্তিসাধ্যতায় প্রভাব ফেলবে এবং তাদের হয়ত উত্পাদকের মূল্যের কাঠামোর পুনরীক্ষণ করতে হতে পারে।

আর.টি.জি.এস.-এর অগ্রগতি পুনরীক্ষণ করে ডেপুটি গভর্নর বলেন যে রিজার্ভ ব্যাংক ইতিমধ্যে সেন্ট্রালাইজড ফান্ড ম্যানেজমেন্ট সিস্টেম (সি.এফ.এম.এস.) কার্যকরী করে দিয়েছে, যা ১৫টি ভারতীয় রিজার্ভ ব্যাংককেন্দ্র জুড়ে তাদের পুঞ্জীকৃত ফান্ড স্থিতির তথ্য অন-লাইনে ব্যাংকগুলিকে সরবরাহ করবে। এ ছাড়া, সেপ্টেম্বর ২০০৩ মাসের মধ্যে রিজার্ভ ব্যাংক, ভারতীয় রিজার্ভ ব্যাংকঅফিসগুলি ও ব্যাংকগুলির মধ্যে সেন্ট্রালাইজড ফান্ড ম্যানেজমেন্ট সিস্টেম-এর মাধ্যমে ফান্ড ট্রান্সফার-এর সুবিধা করে দেবেন। স্ট্রাকচারড ফাইনানশিয়াল মেসেজিং সিস্টেম (এস.এফ.এম.এস.) সুইফট লাইনে প্রবর্তন করা হয়েছে, যা যথেষ্ট নিরাপত্তা সহ আন্তর্জাতিক ফান্ড ট্রান্সফার-এর একটি মেসেজিং সিস্টেম।

ডেপুটি গভর্নর সব চীফ একজিকিউটিভদের বলেন যে তাদের, প্রতিষ্ঠানের ভিতরে এবং ব্যাংকের গ্রাহকদের মধ্যে মতামত গঠণ দ্রুত করার ভূমিকা নিতে হবে। তিনি সম্পূর্ণ সুসংহত ব্যবস্থা ও মানবিক সংস্থান সচেতনতা সুনিশ্চিত করার উপর জোর দেন, যাতে (আর.টি.জি.এস.)-এর সুবিধা সাধারণ গ্রাহক অবধি পৌঁছায়। বর্তমান অর্থপ্রদান ব্যবস্থা যা চেক ও ডেট ট্রান্সফার-এর আকারে হয়ে থাকে এখন আর.টি.জি.এস., যা একটি ক্রেডিট ট্রান্সফার, ব্যবস্থার মাধ্যমে হবে। তিনি বুঝিয়ে দেন যে (আর.টি.জি.এস.)-র গ্রাহক পুনরুদয় প্রয়োজন এবং সেই হেতু গ্রাহক শিক্ষা। রিজার্ভ ব্যাংকের অফিস আছে এমন শাখা ব্যাংকের ২১টি কেন্দ্রের মধ্যে ও ১২৬টি বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যাংক শাখার মধ্যে যোগযোগও গুরুত্বপূর্ণ। শ্রী কামেসম-এর মতে, চুড়ান্ত লক্ষ্য হবে, শুধু শহরেরই নয়, এমনকি মফস্বলেরও সাধারণ গ্রাহকদের কাছে পৌঁছানো।

**অজিত প্রসাদ**
**ম্যানেজার**

**প্রেস বিজ্ঞপ্তি : 2003-2004/96**